

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ভোকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও ঢাকা।
ওয়েব সাইড: www.techedu.gov.bd.

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.৫৮.২০১৭-৫০

তারিখঃ ১৮/০১/২০১৭খ্রিঃ

বিষয় : পটুয়াখালী জেলার দশমিনা উপজেলাধীন দশমিনা মডেল মাধ্যমিক বিদ্যালয়ের এসএসসি (ভোকেশনাল) শাখার ০৫ জন শিক্ষক-কর্মচারীর এমপিও সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে তাঁর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দশমিনা মডেল মাধ্যমিক বিদ্যালয়ের এসএসসি (ভোকেশনাল) শাখার ট্রেড ইন্সট্রাক্টর(জেনারেল মেকানিক্স) পদে জনাব মোঃ শাহজামাল, সহকারী শিক্ষক ভাষা(ইংরেজি) পদে জনাব মোঃ সিরাজ মিয়া, সহকারী শিক্ষক(গনিত) পদে জনাব মোঃ সায়েম, সহকারী শিক্ষক(বিজ্ঞান) পদে জনাব মোঃ আমিনুল ইসলাম এবং কম্পিউটার প্রদর্শক পদে জনাব নাসিমা বেগম এর এমপিও ভুক্তির জন্য অত্র দপ্তরে আবেদন করেন।

- ২। আবেদন যাচাই-বাছাই করে ০৮/০৮/২০১৬খ্রিঃ তারিখে এমপিও প্রদান সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপন করা হলে প্রয়োজনীয় তথ্যাদির ঘাটতি থাকায় তাঁদের এমপিও বিষয়টি বিবেচনা করা হয়নি।
- ৩। পরবর্তীতে ০৬/০৯/২০১৬খ্রিঃ তারিখে ১৪৩৯/১৬ ডকেট মূলে প্রতিষ্ঠান প্রধান এমপিও সংক্রান্ত সংযুক্ত কাগজপত্র প্রেরণ করেন। প্রেরিত কাগজপত্রাদি যাচায়ান্তে ০৫ জন শিক্ষক-কর্মচারীর এমপিও সম্পর্কিত প্রস্তাবে গড়মিল/অসংগতি পরিলক্ষিত হয়েছে বিধায় নিম্ন বর্ণিত কাগজপত্রাদির সঠিকতা যাচাই করা প্রয়োজনঃ
 - ক) নিয়োগ সংক্রান্ত মূল রেজুলেশন বহি।
 - খ) নিয়োগ ও যোগদান পত্র।
 - গ) মূল টেবুলেশন সীট।
 - ঘ) মামলা সংক্রান্ত দলিল পত্রাদির আরজি এবং মামলা নিষ্পত্তি হয়ে থাকলে উহার সার্টিফাইড কপি।

এমতাবস্থায়, এমপিও সংশ্লিষ্ট বর্ণিত মূল কাগজপত্র এবং উহার ০১(এক)সেট ফটোকপিসহ প্রতিষ্ঠান প্রধানকে আগামী ২৪/০১/২০১৭খ্রিঃ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় অত্র দপ্তরে উপস্থিত থেকে কাগজপত্রাদি যাচাইয়ে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

প্রাপকঃ
প্রধান শিক্ষক
দশমিনা মডেল মাধ্যমিক বিদ্যালয়
দশমিনা, পটুয়াখালী

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.৫৮.২০১৭-৫০(০৭)

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ২। উপসচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
- ৪। সভাপতি, দশমিনা মডেল মাধ্যমিক বিদ্যালয়, দশমিনা, পটুয়াখালী।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।
- ৬। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।

স্বাক্ষরিত/-

(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

ও

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

তারিখঃ ১৮/০১/২০১৭খ্রিঃ

(মোহাম্মদ আতিকুর রহমান)

সহকারী পরিচালক (এমপিও)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।